# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ আধুনিক জীবনের কিছু আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## টেলিফোন

টেলিফোন আমাদের আধুনিক জীবনে বড় উপকারী জিনিস। তবে এর অপকারিতার ব্যাপারে উদাসীন থাকা উচিত নয়। যেহেতুঃ এর সাহায্যেই অমত্মঃপুরবাসিনী অন্দর মহল হতেই প্রণয়ের বাঁশী বাজায়। এরই দ্বারা তরুণ-তরুণীরা আপোসে পরিচয়, প্রেমালাপন, সাক্ষাতের ওয়াদাদান, অভিরতি ও অভিসার প্রকাশ ইত্যাদি করে থাকে।

অজ্ঞাত-পরিচয় খল ব্যক্তি ও শত্রুরা এরই মাধ্যমে দাম্পত্যে ও পরিবারে ভাঙ্গন ধরায়। চুগলখোর ও গীবতকারীরা হিংসা, দ্বেষ ও মাৎসর্যবশে সোনার সংসারে আগুন লাগায়।

অনেক সময় অপ্রয়োজনীয় কথাবার্তায় (অধিকাংশ মহিলাদের পক্ষ থেকে) দূরবর্তী আত্মীয়ের সাথে আলাপে অনর্থক সময় ও অর্থ ব্যয় করা হয়।

অতএব আপনি সতর্ক হন এবং পরিবারকে ঈমানী জযবা দিয়ে এ যন্ত্রের মন্দ থেকে দূরে থাকুন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7891

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন